# Telephonic Conversation between National Security Adviser and Mr. Jake Sullivan, National Security Advisor of U.S.A

**January 27, 2021**

# জাতীয় নিরাপত্তা উপদেষ্টা ও মার্কিনী জাতীয় নিরাপত্তা উপদেষ্টা জ্যাক সুলিভানের মধ্যে টেলিফোন আলাপ

**জানুয়ারি 27, 2021**

27 জানুয়ারি জাতীয় নিরাপত্তা উপদেষ্টা শ্রী অজিত দোভালের সাথে তার মার্কিনী সমপদাধিকারীর একটি টেলিফোন বার্তালাপ হয়। জাতীয় নিরাপত্তা উপদেষ্টা হিসেবে এনএসএ সুলিভানের নিযুক্তির জন্য এনএসএ দোভাল তার শুভেচ্ছা জানিয়েছেন।

এনএসএ দোভাল তার বক্তব্যে স্পষ্ট করে জানান যে বর্তমান বিশ্বের অগ্রণী গণতান্ত্রিক দেশ হিসেবে ভারত এবং মার্কিন যুক্তরাষ্ট্র অবিচ্ছিন্ন বিশ্বাসযোগ্যতার সাথে সন্ত্রাসবাদ, উপকূল সুরক্ষা, সাইবার সুরক্ষা, ইন্দো-প্রশান্ত মহাসাগরীয় অঞ্চল ও তা ছাড়িয়েও শান্তি ও স্থিতাবস্থার জন্য লড়াই সহ আঞ্চলিক ও আন্তর্জাতিক ইস্যুতে ঘনিষ্ঠভাবে কাজ করার জন্য অনন্য অবস্থান নেবে।

এনএসএ সুলিভান জানান যে দ্বিপাক্ষিক এবং বিশ্বব্যাপী সর্বজনীন সমস্যাগুলিতে মার্কিন যুক্তরাষ্ট্র একসাথে কাজ করার প্রত্যাশায় আছে।

ভারত-মার্কিন সম্পর্ক আরও এগিয়ে যাওয়ার জন্য দু'পক্ষের এনএসএ ঘনিষ্ঠভাবে কাজ করতে সম্মত হন, যা যৌথ মূল্যবোধ এবং সাধারণ কৌশলগত এবং সুরক্ষা স্বার্থের উপর নির্মিত হবে। তারা কোভিডোত্তর সমস্যা মোকাবিলায় যুগ্মভাবে কাজ করার প্রয়োজনীয়তা উল্লেখ করেন এবং বিশ্বব্যাপী কৌশলগত সহযোগিতা আরও প্রসারিত করার কথা বলেন।

**নিউ দিল্লি**
**জানুয়ারি 27, 2021**

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.